



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়



মাদারীপুর সরকারি সুফিয়া মহিলা কলেজ, মাদারীপুর

স্থাপিত ১৯৮৪ ইং

ফোন : ০২৪৭৮৮১০৬৮১, ০১৭২৫৩৬৮৯৫৭

E-mail: govt.sufia@gmail.com

EIN: 110786

কলেজ কোড নং : উচ্চ মাধ্যমিক-৫৫০১

ডিগ্রী ( জাঃ বিঃ ) : ৬৩০২

স্মারক নং- স.স.ম.ক/মাদা/২০২৩/

তারিখ: ০২/১১/২০২৩ খ্রি.

## জরুরী নোটিশ

### উপবৃত্তি সংক্রান্ত

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১১শ শ্রেণিতে নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের নিকট হতে উপবৃত্তির জন্য নির্ধারিত আবেদন ফরম নির্ভুলভাবে পূরণ করে প্রয়োজনীয় তথ্যাদি ও কাগজপত্রসহ নিম্নবর্ণিত তারিখ ও সময়ে কলেজের অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক মোহাম্মদ আসাদুজ্জামান এর নিকট জমা দেয়ার জন্য বলা হলো।

তারিখ	সময়	রোল নম্বর	বিভাগ	সংখ্যা
০৫/১১/২০২৩	দুপুর ০১:৩০ মিনিট হতে	সকল শিক্ষার্থী	বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা	২৯
		১০০১ থেকে ১১০০	মানবিক	১০০
০৬/১১/২০২৩		১১০১ থেকে ১২০১	মানবিক	১০০
০৭/১১/২০২৩		১২০১ থেকে ১৩০০	মানবিক	১০০
০৮/১১/২০২৩		১৩০১ থেকে ১৪৫০	মানবিক	১৫০
০৯/১১/২০২৩		১৪৫১ থেকে অবশিষ্ট	মানবিক	

পূরণকৃত আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা দিতে হবে:-

- শিক্ষার্থীর অন-লাইন জন্মানিবন্ধন সনদের ফটোকপি (১৭ সংখ্যা);
- পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা);
- পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা);
- এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও ফলাফলের ফটোকপি;
- শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা/অন্যান্য) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খোলা সচল/বৈধ মোবাইল ব্যাংকিং অথবা ব্যাংক একাউন্ট নম্বর;
- একই মোবাইল ব্যাংকিং অথবা একাউন্ট নম্বর একাধিক শিক্ষার্থীর ক্ষেত্রে ব্যবহার না করা;
- পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম প্রদান করতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম প্রদান করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম প্রদান করতে হবে;
- স্কুল ব্যাংকিং/এজেন্ট এর ক্ষেত্রে যার নামে একাউন্ট খোলা হয়েছে হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম এন্ট্রি করতে হবে। এজেন্টে ব্যাংকিং একাউন্ট নম্বর ব্যবহার করার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকিং শাখার নাম প্রদান করতে হবে;
- শিক্ষার্থীর এক কপি ছবি আঠা দিয়ে নির্ধারিত স্থানে লাগাতে হবে;
- শিক্ষার্থীর কলেজ আইডি কার্ড;

বিঃদ্র: উল্লিখিত সকল তথ্য প্রদান না করলে তাদের উপবৃত্তির আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে।

০২/১১/২০২৩  
অধ্যক্ষ

মাদারীপুর সরকারি সুফিয়া মহিলা কলেজ  
মাদারীপুর